



জানুয়ারি/২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোঃ শহীদুল আলম, এনডিসি (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
তারিখ : ১৮/০১/২০২২ খ্রিঃ, সকাল ১০.০০ টা।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভার সূচনালগ্নে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে কোভিড-১৯ মহামারিতে সামাজিক দূরত্ব এবং স্বাস্থ্যবিধি মেনে সকলকে নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান।


০২। বিগত ডিসেম্বর/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয় এবং সভার আলোচ্য সূচি অনুসারে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম:	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
(১)	(২)	(৩)	(৪)
০১।	প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ	<p>১.১</p> <ul style="list-style-type: none">• NTVQF/RPL এর আওতায় ৬ (ছয়) মাসের প্রশিক্ষণ কোর্সে হলে ২(দুই)টি শিফট আগামী সেশন এপ্রিল' ২০২২ হতে চালু করার বিষয়ে মন্ত্রণালয়ে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সপ্তাহের ৬ (ছয়) দিনের মধ্যে ০৩ (তিন) দিন এক দিন পরপর প্রশিক্ষণ এবং অপর ০৩ (তিন) দিন প্রতিষ্ঠানের কাছাকাছি কোন ইন্ডাস্ট্রিতে Industry Attachment করবেন। Industry Attachment এ বিষয়ে শিল্প মন্ত্রণালয় এবং যোগাযোগ ও সেতু মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) এ সংক্রান্ত তথ্যাদি মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন। এক্ষেত্রে NTVQF Level-1 এ assessment করতে আগ্রহ প্রকাশ না করলে তাদের BMET কর্তৃক Certificate প্রদান করা হবে। সার্টিফিকেট অনলাইন ভিত্তিক করার সিদ্ধান্ত গৃহীত হয়।• টিটিসি/আইএমটি সমূহে প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ ফি ১১০০টাকা হতে কমিয়ে ৫০০ টাকা করার প্রস্তাবনা দেওয়া হয়। উক্ত প্রশিক্ষণ ফি প্রশিক্ষার্থী দিতে না পারলে কল্যাণ বোর্ড হতে বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)
		<p>১.২</p> <ul style="list-style-type: none">• Industry Attachment সফল করার বিষয়ে শিল্প মন্ত্রণালয়, বিসিক, বিটাক, প্রগতি ইন্ডাস্ট্রিজ, স্বনামধন্য ইন্ডাস্ট্রিজ এবং ট্রেড সংশ্লিষ্ট সংস্থা এর সাথে যোগাযোগ করে প্রশিক্ষার্থীদেরকে টিএ প্রাপ্তির সুযোগ সৃষ্টির জন্য অধ্যক্ষগণ ব্যবস্থা গ্রহণ করবেন এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)
		<p>১.৩</p> <ul style="list-style-type: none">• বিদেশ ফেরত কর্মীদের মধ্য হতে PDO কোর্সে পাঠদানের জন্য রিসোর্সপার্সনদের সুযোগ দিতে হবে। PDO কোর্সে ILO এর মডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান, ভিডিও প্রদর্শন করা, এবং যা পড়ানো হবে তা Content হিসেবে ওয়েবসাইটে আপলোড করতে হবে। PDO কোর্সে ভর্তির জন্য ভিসা লাগবে না মর্মে সিদ্ধান্ত হয়। PDO কোর্স কর্মীগণ সুবিধাজনক যেকোন জেলা থেকে নিতে পারবেন।• পি-ডিপার্টার ওরিয়েন্টেশন কোর্সে প্রশিক্ষকদের প্রশিক্ষণ ক্লাস সীমিত করে রিসোর্সপুল গঠন করে রিসোর্সপার্সনদের প্রশিক্ষণ ক্লাসে যুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত হয়।	পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)
		<p>১.৪</p> <ul style="list-style-type: none">• অভিবাসন প্রবন জেলাসমূহের জন্য জেলা কর্মসংস্থান অফিসসমূহে অফিস প্রধানদের সাথে আলোচনা করে PDO কোর্স চালু করার বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পরিচালক (প্রশাসন ও অর্থ) ২। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)

ক্রম:	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০২। প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম: (প্রশাসন)	২.১	<ul style="list-style-type: none"> মাসিক সমন্বয় সভার পূর্বে বিএমইটি'র ০২ (দুই)টি উইংয়ের অতিরিক্তি মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে স্ব স্ব উইংয়ে আলাদা আলাদা দুইটি সমন্বয় সভা করে উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও মূল ইস্যু সমূহ পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। 	১। অতিরিক্তি মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান) ২। পরিচালক (সকল)
	২.২	<ul style="list-style-type: none"> (APA & NIS) বাস্তবায়নঃ APA / NIS এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী আলাদা মিটিং এর সিদ্ধান্ত গৃহীত হয়। 	১। পরিচালক (সকল) ২। প্রকল্প পরিচালক(সকল) ৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA & NIS)
	২.৩	<ul style="list-style-type: none"> বিএমইটি'র বদলী, পদোন্নতি, অবসর, মামলা ও GRS এর বিষয়ে সমন্বয় সভার কার্যবিবরণীতে পৃথক পৃথক বিবরণী সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। পদোন্নতি, বদলী সংক্রান্ত আদেশে নির্ধারিত তারিখের মধ্যে বদলী/পদায়নকৃত স্থানে যোগদান নিশ্চিত করতে হবে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভিন্ন পদের পদোন্নতির বিষয়ে অগ্রাধিকার দেওয়ার সিদ্ধান্ত হয়। বদলী সংক্রান্ত বিষয়গুলো বছরের শুরুতে সম্পাদনের তাগিদ দেয়ার সিদ্ধান্ত হয়। 	পরিচালক (সকল)
	২.৪	<ul style="list-style-type: none"> বিএমইটি এবং এর অধীনস্থ দপ্তরসমূহে অনুমোদিত পদ, পূরনকৃত পদ, শূন্য পদ, মামলার তথ্য এবং নিয়োগের বিষয়ে একটি সারাংশ/তালিকা প্রস্তুত করে সচিব মহোদয়ের নিকট পেশ করার সিদ্ধান্ত হয়। 	পরিচালক (প্রশাসন ও অর্থ)
	২.৫	<ul style="list-style-type: none"> মিডিয়া/বায়রা প্রতিনিধি/অংশীজনের সমন্বয়ে গত ০২/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত ওয়ার্কশপ/সভার ধারাবাহিকতায় অনুরূপ আর একটি ওয়ার্কশপ/সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। 	পরিচালক (প্রশাসন ও অর্থ)
	২.৬	<ul style="list-style-type: none"> Covid-19 পরিস্থিতি এবং মন্ত্রীপরিষদের ১৮ দফার বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। মোবাইল কোর্ট এর মাধ্যমে সকলকে কোভিড-১৯ বিষয়ে সচেতন করার সিদ্ধান্ত হয়। 	পরিচালক (সকল)
	২.৭	<ul style="list-style-type: none"> বিএমইটি'র ০২ জন অতিরিক্তি মহাপরিচালক এবং সকল পরিচালকের জন্য (প্রশাসন ক্যাডার কর্মকর্তা) ম্যাজিস্ট্রেসি ক্ষমতা প্রদানের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। 	পরিচালক (প্রশাসন ও অর্থ)
	২.৮	<ul style="list-style-type: none"> নিয়োগ সংক্রান্তঃ বিএমইটি'র আইটি শাখায় ১০ তদুর্ধ্ব গ্রেডের ০৪টি পদের মধ্যে ৩টি পদ পূরণের জন্য পিএসসি'তে অধিযাচন প্রেরণ এবং ০১ টি পদ সংরক্ষিত রাখা হয়েছে। এছাড়া ১১-২০তম গ্রেডের ১৪ টি পদে নিয়োগের বিষয়ে আইনগত প্রতিবন্ধকতা পর্যালোচনা পূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। 	পরিচালক (প্রশাসন ও অর্থ)
সাধারণ সেবা :	২.৯	<ul style="list-style-type: none"> নতুন প্রযুক্তি সমৃদ্ধ কম্পিউটার/কম্পিউটার সামগ্রী ক্রয় করার জন্য একটি কমিটি গঠন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। 	১। পরিচালক (প্রশাসন ও অর্থ) ২। সহকারী পরিচালক (সাধারণ সেবা)।
	২.১০	<ul style="list-style-type: none"> সাধারণ সেবা শাখায় ০১ (এক) জন উপপরিচালককে পদায়ন করার সিদ্ধান্ত হয়। 	পরিচালক (প্রশাসন ও অর্থ)
	২.১১	<ul style="list-style-type: none"> বিএমইটি'র সম্মেলন কক্ষে জুম মিটিং এর জন্য ওয়েব ক্যামেরা এবং ০২(দুই) টি স্মার্ট বোর্ড কেনার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নে তাগিদ দেওয়া হয়। 	১। পরিচালক (প্রশাসন ও অর্থ) ২। সহকারী পরিচালক (সাধারণ সেবা) ৩। টেকনিক্যাল অফিসার
	২.১২	<ul style="list-style-type: none"> বিএমইটি'র নীচতলায় রিসিপশনের পিছনের রুমটি আধুনিকায়ন এবং ব্যবহারের উপযোগী করে আইটি সাপোর্টেড করার জন্য উপপরিচালক জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী পরিচালক জনাব এম, ডি জাহিদুল ইসলাম এবং জনাব আশফাক আহমেদ, প্রোগ্রামারকে দায়িত্ব প্রদান করার সিদ্ধান্ত হয়। বিএমইটি'র নীচতলায় ০১ জন আর্কিটেক্ট এবং ০১ জন এপ্টিমেটর দ্বারা ডিজাইন এবং প্রাক্কলন করার সিদ্ধান্ত হয়। 	১। পরিচালক (প্রশাসন ও অর্থ) ৪। সহকারী পরিচালক (সাধারণ সেবা)
আইটি শাখা:	২.১৩	<ul style="list-style-type: none"> বিএমইটি'র ওয়েব সাইটে নিউজ লেটার সার্ভিস এর মধ্যে বিএমইটি'র প্রশিক্ষণ/কর্মসংস্থান/বহির্গমন শাখার ৩ মাসের তথ্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। 	১। সিস্টেম এনালিস্ট ২। জনাব আশফাক আহমেদ, প্রোগ্রামার
যানবাহন রক্ষণাবেক্ষণ ও গাড়ীর যাবতীয় বিষয় সংক্রান্তঃ	২.১৪	<ul style="list-style-type: none"> বিএমইটি'র সকল গাড়ীতে স্টিকার লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়। 	১। পরিচালক(প্রশাসন ও অর্থ) ২। সহকারী পরিচালক (সাধারণ সেবা) ৩। টেকনিক্যাল অফিসার (যানবাহন)

ক্রম:	আলোচ্যসূচি	সিদ্ধান্ত		বাস্তবায়নে
০৩।	প্রকল্পসমূহের কার্যক্রমসমূহঃ	৩.১	<ul style="list-style-type: none"> ‘৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন’ শীর্ষক প্রকল্পসহ চীফ ইন্সট্রাক্টর হতে সদ্য পদায়নকৃত অধ্যক্ষদের বিষয়ে সার্বিক বিষয়ে ১ টি ওয়ার্কশপ/সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। 	১। পরিচালক (প্রশাসন ও অর্থ) ২। উপপ্রকল্প পরিচালক (৪০ টিটিসি)
		৩.২	<ul style="list-style-type: none"> ডাইভিং প্রশিক্ষকদেরকে প্রগতি ইন্ডাস্ট্রিতে Attached রেখে ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। টিটিসি’র ট্রেনিং লোড (ডাইভিং) নিকটতম স্থানে ইন্টারিশীপ করবেন। 	প্রকল্প পরিচালক (দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য জন্য ডাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প)
০৪।	বিএমইটি’র সার্ভার সংক্রান্ত	৪.১	<ul style="list-style-type: none"> বিএমইটি’র সার্ভার এর বিষয়ে একটি আলাদা সভা করে করণীয় বিষয় নির্ধারণ পূর্বক মহাপরিচালক মহোদয়কে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। 	১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ) ২। সিস্টেম এনালিস্ট ৩। প্রোগ্রামার
০৫।	কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ	৫.১	<ul style="list-style-type: none"> একটি ভিজিলেন্স টিম গঠন করে রিক্রুটিং এজেন্সির অফিস আকস্মিক পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। 	পরিচালক (কর্মসংস্থান)
০৬।	বহির্গমন শাখার কার্যক্রমঃ	৬.১	<ul style="list-style-type: none"> সৌদিআরবে যে সকল রিক্রুটিং এজেন্সি বেশি কর্মী প্রেরণ করছেন তাদেরকে নিয়ে জরুরী ভিত্তিতে একটি সভা আয়োজন করার সিদ্ধান্ত হয়। 	পরিচালক (বহির্গমন ও প্রটোকল)
		৬.২	<ul style="list-style-type: none"> বিএমইটি’র বহির্গমন শাখার ম্যানুয়াল নথিতে কতজনের বহির্গমন ছাড়পত্র অনুমোদন হয়েছে এবং কতগুলো স্মার্ট কার্ড টাইপ হয়েছে ও কতগুলো স্মার্ট কার্ড প্রিন্ট হয়েছে তার তথ্য নিয়মিত উপস্থাপন করার জন্য অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান) কে দায়িত্ব প্রদান করা হয়। 	১। পরিচালক (প্রশাসন ও অর্থ) ২। পরিচালক (বহির্গমন ও প্রটোকল)
		৬.৩	<ul style="list-style-type: none"> বিমান বন্দরে অভিবাসী কর্মীর কোভিড-১৯ এর টাকা প্রাপ্তির বিষয়ে একটি ব্যানার বিমানবন্দরের দর্শনীয় স্থানে টানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। 	১। পরিচালক (বহির্গমন ও প্রটোকল)
০৭।	অনিষ্পন্ন বিষয়ঃ	৭.১	<ul style="list-style-type: none"> বিএমইটির প্রতিটি শাখায় ই-ফাইলিং বাস্তবায়ন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। 	১। পরিচালক (সকল) ২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ শহীদুল আলম, এনডিসি)
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
 ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)
 Email-dg@bmet.org.bd.

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০২৮.১৭.৩২৮

তারিখ: ০৬ . ০২.২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অধ্যক্ষ, আইএমটি/ বিআইএমটি/ টিটিসি (সকল)।
৬. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. উপপরিচালক (বাজেট ও আইটি), বিএমইটি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা।
১০. সহকারী পরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
১১. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
১২. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১৩. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. মাস্টার নথি/২০২২।